# বিআরটিসি সমাচার

## বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন
## Bangladesh Road Transport Corporation

৮ম সংখ্যা

অক্টোবর-ডিসেম্বর ২০২২ (ত্রৈমাসিক)
প্রকাশকাল : জানুয়ারি ২০২৩




# মেট্রোরেল থেকে বিআরটিসি



## সূচিপত্রঃ


- বদলে যাচ্ছে বিআরটিসি
- যথাযথ মর্যাদায় বিভিন্ন দিবস উদযাপন
- বিআরটিসির ১২০০ বাসে VTS সংযোজন
- প্রাথমিকভাবে ৫০টি বাসে ভিডিও সংযোজন
- ছাদখোলা বাসে ঘুরলো পথশিশুরা, দেখল পদ্মা সেতু
- বাস ও ট্রাক সংক্রান্ত তথ্য
- আয়-ব্যয় সংক্রান্ত তথ্য
- সিপিএফ, ছুটি নগদায়ন ও গ্র্যাচুইটি খাতে পরিশোধিত অর্থের বিবরণী
- অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের সিপি ফান্ড, গ্র্যাচুইটি ও ছুটি নগদায়ন বাবদ পরিশোধিত অর্থের বিবরণ (০৭/০২/২০২১ হতে ৩১/১২/২০২২ পর্যন্ত)
- অক্টোবর/২২ হতে ডিসেম্বর/২২ পর্যন্ত এস্টেট হতে প্রাপ্ত আয়
- বর্তমান চেয়ারম্যান এর সময়কালে নিয়োগ ও পদোন্নতি তথ্যাদি
- আলোক চিত্রে বিআরটিসি
- প্রিন্ট মিডিয়ায় বিআরটিসি
- বিভিন্ন ইলেক্ট্রনিক মিডিয়ায় বিআরটিসি চেয়ারম্যান-এর সাক্ষাৎকার
- "অসহায় পরিবারের পাশে চেয়ারম্যান, বিআরটিসি"



**প্রচার ও প্রকাশনায়:**

১. **জনাব মোহম্মাদ সাইদুর রহমান**
মহাব্যবস্থাপক (প্রশাসন ও পার্সোনেল)

২. **জনাব হিটলার বল**
জনসংযোগ কর্মকর্তা, বিআরটিসি



**যোগাযোগ:**

ফোন নম্বর : ০২-৪১০৫১ ৩৩৭
০২-৪১০৫১ ৩৪৮

মোবাইল : ০১৩২৪ ২৯৩৯ ১৬
০১৩২৪ ২৯৩৯ ০৮

**ই-মেইল:**
chairman@brtc.gov.bd

**ওয়েবসাইট:**
www.brtc.gov.bd

**বিআরটিসি ফেইসবুক:**
https://www.facebook.com/BRTC11/

**বিআরটিসি ভবন**
**২১ রাজউক এভিনিউ, ঢাকা- ১০০০**




**ওবায়দুল কাদের, এমপি**
**মাননীয় মন্ত্রী**
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

"ক্রমবর্ধমান দক্ষ চালকের চাহিদা পূরণে বিআরটিসি'কে অগ্রণী ভূমিকা পালন করতে হবে।"



**এ বি এম আমিন উল্লাহ নুরী**
**সচিব**
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

"যাত্রী সেবায় বিআরটিসি'কে অগ্রণী ভূমিকা পালন করতে হবে।"



**মোঃ তাজুল ইসলাম**
**চেয়ারম্যান**
বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন

"সকল পরিবহনের জন্য বিআরটিসি'কে আদর্শ (Icon) হিসেবে গড়ে তোলা।"

## ‘বদলে যাচ্ছে বিআরটিসি’ শীর্ষক মতবিনিময় সভা

১৯ নভেম্বর ২০২২ তারিখ বিআরটিসি প্রধান কার্যালয় সভা কক্ষে ‘বদলে যাচ্ছে বিআরটিসি’ শীর্ষক মতবিনিময় সভায় প্রধান অতিথি ছিলেন উপস্থিত হিসেবে সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগের সম্মানিত সচিব এবিএম আমিন উল্লাহ নুরী। সভায় সভাপতিত্ব করেন বিআরটিসির চেয়ারম্যান মোঃ তাজুল ইসলাম (অতিরিক্ত সচিব)। সভায় আরো উপস্থিত ছিলেন– চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষ (বিআরটিএ), নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহণ সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)-সহ মন্ত্রণালয় ও বিআরটিসির উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং সাংবাদিক, শ্রমিকনেতা এবং স্টেকহোল্ডারগণ। সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন বুয়েটের দুর্ঘটনা গবেষণা ইনস্টিটিউটের সহকারী অধ্যাপক সাইফুন নেওয়াজ।




## যথাযথ মর্যাদায় বিভিন্ন দিবস উদযাপন

### শেখ রাসেল দিবস উদযাপন :

১৮ অক্টোবর ২০২২ তারিখ মঙ্গলবার বিআরটিসি কর্তৃক স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের কনিষ্ঠপুত্র শেখ রাসেল এর জন্ম দিন উপলক্ষ্যে ‘শেখ রাসেল দিবস -২০২২’ উদযাপিত হয়।

### নিরাপদ সড়ক দিবস উদযাপন :

“আইন মেনে সড়কে চলি- নিরাপদে ঘরে ফিরি” প্রতিপাদ্য বিষয় নিয়ে আজ নানা কর্মসূচির মাধ্যমে বিআরটিসি প্রধান কার্যালয়সহ সকল ডিপো/ইউনিটসমূহ জাতীয় নিরাপদ সড়ক দিবস পালন করেছে। এ উপলক্ষে বিআরটিসি’র প্রধান কার্যালয়সহ সকল ডিপো/ইউনিট সমূহে আলোক সজ্জা, ব্যানার ও ফেস্টুন দিয়ে সুসজ্জিত করা হয় এবং জেলা ও উপজেলা পর্যায়ে আয়োজিত আলোচনা সভা, র‍্যালী/শোভা যাত্রায় বিআরটিসি’র ডিপো/ইউনিট প্রধান ও কর্মকর্তা-কর্মচারীগণ অংশগ্রহণ করেন।

### মহান বিজয় দিবস উদযাপন :

মহান বিজয় দিবস ২০২২ উপলক্ষ্যে বিআরটিসি প্রধান কার্যালয়সহ সকল ডিপো/ইউনিটসমূহ আলোক সজ্জা ও ব্যানার ফেস্টুনের মাধ্যমে দৃষ্টিনন্দন করা হয়। বিআরটিসি’র সকল ডিপো/ইউনিটে আলোচনা সভা, কেক কাটা, সাংস্কৃতিক প্রতিযোগিতা, পুরস্কার বিতরণ, মিলাদ ও দোয়া করা হয়।

## বিআরটিসির ১২০০ বাসে VTS সংযোজন

উন্নত পরিবহন সেবা প্রদানের লক্ষ্যে বিআরটিসি’র মোট ১২০০টি বাসে Vehicle Tracking System (VTS) সংযোজন করা হয়েছে। এর ফলে যাত্রী সাধারণ তাদের নির্দিষ্ট রুটে বাসের অবস্থান, সময়-সূচি জানতে পারবেন।

## প্রাথমিকভাবে ৫০টি বাসে ভিডিও সংযোজন

যাত্রী সাধারণের যাতায়াত নিরাপত্তা এবং অপ্রত্যাশিত ঘটনা রোধে প্রাথমিকভাবে বিআরটিসি’র ৫০টি বাসে VTS এর পাশাপাশি ভিডিও সংযোজন সিস্টেম চালু করা হয়েছে।

## ছাদখোলা বাসে ঘুরলো পথশিশুরা, দেখল পদ্মা সেতু

সাফজয়ী নারী ফুটবল দলের আক্ষেপ থেকে রাতারাতি একটি দোতলা বাসকে ছাদখোলা বাসে পরিণত করা হয়। সরকারের পরিবহন সংস্থা বিআরটিসি এ বাস পুনরায় যাত্রীবাহী বাসে পরিণত করবে, এমনটাই পরিকল্পনা ছিল। কিন্তু ছাদখোলা বাসের আবেদন আছে, এ বিবেচনায় বাসটি ছাদখোলাই রেখে দেওয়া হয়েছে। নতুন করে আরেকটি বাসের ছাদ খোলা হয়েছে। এবার শেখ রাসেল দিবস উপলক্ষ্যে নতুন আরেকটি ছাদখোলা বাসে এক ভিন্ন রকম আনন্দ ভ্রমণের আয়োজন করেছে বিআরটিসি কর্তৃপক্ষ। ভিন্ন এ আয়োজনে ৪০ জন পথশিশুকে বিআরটিসির নিজস্ব ব্যবস্থাপনায় পদ্মা সেতু ভ্রমণ এক অনন্য দৃষ্টান্ত সৃষ্টি করে।



বিআরটিসির ছাদখোলা বাসে পদ্মা সেতু ঘুরিয়ে দেখানো হয় পথশিশুদের।

## বাস ও ট্রাক সংক্রান্ত তথ্য

**বাসের তথ্যঃ**

| মাসের নাম | মোট বাসের সংখ্যা | সচল গাড়ীর সংখ্যা | | অযোগ্য ঘোষণার জন্য বিইআর (প্রস্তাবিত) গাড়ীর সংখ্যা | ভারী মেরামতাধীন বাসের সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | | নিজস্ব | দীর্ঘ মেয়াদী লীজ | | |
| অক্টোবর/২২ | ১৫৬৩ | ১২৪৮ | ৩৯ | ২১৩ | ৬৩ |
| নভেম্বর/২২ | ১৫৬৩ | ১২৪৮ | ৩৯ | ২১৩ | ৬৩ |
| ডিসেম্বর/২২ | ১৩৫০ | ১২৫২ | ৩৯ | - | ৫৯ |

**ট্রাকের তথ্যঃ**

| মাসের নাম | মোট ট্রাকের সংখ্যা | সচল ট্রাকের সংখ্যা | বিইআর (প্রস্তাবিত) ট্রাকের সংখ্যা | ভারী মেরামতাধীন ট্রাকের সংখ্যা |
|---|---|---|---|---|
| অক্টোবর/২২ | ৫৮৮ | ৫০০ | ৮০ | ০৮ |
| নভেম্বর/২২ | ৫৮৮ | ৫০০ | ৮০ | ০৮ |
| ডিসেম্বর/২২ | ৫৮৫ | ৫০৫ | ৭৮ | ০২ |

## আয়-ব্যয় সংক্রান্ত তথ্য

**বাসের আয়-ব্যয়ের তুলনামূলক বিবরণীঃ** (লক্ষ টাকা)

| বিবরণ | অক্টোবর/২১ | অক্টোবর/২২ | নভেম্বর/২১ | নভেম্বর/২২ | ডিসেম্বর/২১ | ডিসেম্বর/২২ |
|---|---|---|---|---|---|---|
| আয় | ২,৩৫১.৪১ | ৩,৪৪৪.২৮ | ২,৬৯৪.৩২ | ৩,৩৯৩.৩৬ | ২,৮১৫.৭২ | ৩,২৫১.৪১ |
| ব্যয় | ২,২৭১.৩১ | ৩,২৪৯.৪৩ | ২,৫৬৩.৬৬ | ৩,১৯২.৪০ | ২,৬৪৩.৩৮ | ৩,০৮৬.৫৪ |
| অপারেটিং লাভ/ক্ষতি | **৮০.১০** | **১৯৪.৮৫** | **১৩০.৬৬** | **২০০.৯৬** | **১৭২.৩৪** | **১৬৪.৮৭** |

**ট্রাকের আয়-ব্যয়ের তুলনামূলক বিবরণীঃ** (লক্ষ টাকা)

| বিবরণ | অক্টোবর/২১ | অক্টোবর/২২ | নভেম্বর/২১ | নভেম্বর/২২ | ডিসেম্বর/২১ | ডিসেম্বর/২২ |
|---|---|---|---|---|---|---|
| আয় (লক্ষ টাকা) | ১,১১৯.০৬ | ১,৫৬০.০৯ | ১,২৩৫.৮২ | ১,৫৫২.৫১ | ১,২৫৬.১১ | ১,৬০৯.৪৭ |
| ব্যয় (লক্ষ টাকা) | ৮৭৪.২৮ | ১,৩৭১.৬৬ | ১,০৩৯.৯৭ | ১,৩৬৫.৫৮ | ১,০৫২.০১ | ১,৩৭৫.২৪ |
| অপারেটিং লাভ/ক্ষতি | **২৪৪.৭৮** | **১৮৮.৪৩** | **১৯৫.৮৫** | **১৮৬.৯৩** | **২০৪.১০** | **২৩৪.২৩** |

বিঃদ্রঃ জ্বালানী তেলের মূল্য বৃদ্ধি পাওয়ায় এবং সে অনুপাতে রাজস্ব অর্জিত না হওয়ায় অক্টোবর/২২ এবং নভেম্বর/২২ মাসে পূর্ববর্তী বছরের অক্টোবর/২১ ও নভেম্বর/২১ মাসের তুলনায় লাভ কম হয়েছে।

## সিপিএফ, ছুটি নগদায়ন ও গ্র্যাচুইটি খাতে পরিশোধিত অর্থের বিবরণী

| ক্রম. | বিবরণ | অক্টোবর/২২ | | নভেম্বর/২২ | | ডিসেম্বর/২২ | |
|---|---|---|---|---|---|---|---|
| | | অবসরপ্রাপ্ত কর্মচারীর সংখ্যা | পরিশোধিত অর্থের পরিমান | অবসরপ্রাপ্ত কর্মচারীর সংখ্যা | পরিশোধিত অথের পরিমান | অবসরপ্রাপ্ত কর্মচারীর সংখ্যা | পরিশোধিত অথের পরিমান |
| ১ | সিপিএফ | ২ জন | ৩৮৯,১১৩.৪৪ | ৪ জন | ৮৫২,০০২.৯৩ | ১৪২ জন | ২৪,৬৮৩,৭১১.১০ |
| ২ | ছুটি নগদায়ন | ০ জন | - | ০ জন | - | ০৬ জন | ১,৪৮৬,০৮০.০০ |
| ৩ | গ্র্যাচুইটি | ৫ জন | ১,৪০০,০০০.০০ | ১ জন | ২০০,০০০.০০ | ২০৬ জন | ২৯,৮১৭,৩১৮.৭২ |
| | সর্বমোট | ৭ জন | ১,৭৮৯,১১৩.৪৪ | ৫ জন | ১,০৫২,০০২.৯৩ | ৩৫৪ জন | ৫৫,৯৮৭,১০৯.৮২ |

## অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের সিপি ফান্ড, গ্র্যাচুইটি ও ছুটি নগদায়ন বাবদ পরিশোধিত অর্থের বিবরণ (০৭/০২/২০২১ হতে ৩১/১২/২০২২ পর্যন্ত)

| ক্রম. | বিবরণ | পরিশোধিত অর্থের পরিমাণ | পরিশোধের ধরন | |
|---|---|---|---|---|
| | | | সম্পূর্ণ | আংশিক |
| ১ | সিপি ফান্ড | ১৫৩,৭৯৩,৩১০.৬৭ | ২১৩ জন | ১০০ জন |
| ২ | গ্র্যাচুইটি | ১৯২,৯২০,২১৭.৬৮ | ১৮০ জন | ১৬৮ জন |
| ৩ | ছুটি নগদায়ন | ১৩,৩৩৬,৪৭১.৭৭ | ৪৫ জন | |
| | **সর্বমোট** | **৩৬,০০,৫০,০০০.১২** | | |

কথায়: ছত্রিশ কোটি পঞ্চাশ হাজার টাকা বারো পয়সা।

## অক্টোবর/২২ হতে ডিসেম্বর/২২ পর্যন্ত এস্টেট হতে প্রাপ্ত আয়

(লক্ষ টাকায়)

| ক্রম. | বিবরণ | অক্টোবর/২২ | নভেম্বর/২২ | ডিসেম্বর/২২ |
|---|---|---|---|---|
| ১ | স্থাপনা ভাড়া | ৭৪.৩৯ | ৬৩.২১ | ৭৪.৭৪ |

## বর্তমান চেয়ারম্যান এর সময়কালে নিয়োগ ও পদোন্নতি তথ্যাদি

| ক্রম. | বিবরণ | ক্যাটাগরি | মোট সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | নিয়োগ সংক্রান্ত | ১. হিসাব রক্ষণ কর্মকর্তা, ২. উপ-ব্যবস্থাপক (কারিগরি), ৩. উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ ও সিভিল), ৪. ক্রয় কর্মকর্তা, ৫. সহকারী প্রশাসনিক কর্মকর্তা, ৬. সাঁটলিপিকার, ৭. ইলেক্ট্রিশিয়ান, ৮। অফিস সহকারি কাম কম্পিউটার অপারেটর, ৯. বিল সহকারী, ১০. কারিগর (এ, বি ও সি), ১১. অপারেটর (চালক)-সি, ১২. নিরাপত্তা প্রহরী, ১৩. এস্টিমেটর, ১৪. সহকারী ড্রাফটসম্যান, ১৫. টেলিফোন অপারেট, ১৬. আমিন, ১৭. কন্ডাক্টর-ডি (কাউন্টারম্যান), ১৮. স্টোরম্যান, ১৯. পিওএল এটেন্ডেন্ট ও ২০. পরিচ্ছন্নতাকর্মী। | ৭৩৫ জন | এছাড়াও জব সহকারি ও কারিগর-বি ও ডি (সাধারণ/ট্রেড) পদে লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হয়েছে। জব সহকারি ও কারিগর-বি ও ডি (সাধারণ/ট্রেড) পদে মোট ৮৯ জনের নিয়োগের কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে রয়েছে। কোষাধ্যক্ষ, অফিস সহকারি কাম কম্পিউটার অপারেটর ও কারিগর-সি (সাধারণ/ট্রেড) পদে মোট ৪৯ জনের নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে। |
| ২ | পদোন্নতি সংক্রান্ত | ১. প্রশাসনিক কর্মকর্তা, ২. উপ-ব্যবস্থাপক (কারিগরি), ৩. সহকারী পরিযান কর্মকর্তা, ৪. অপারেটর (চালক) সি হতে বি, ৫. অপারেটর (চালক) বি হতে এ, ৬. গার্ড কমান্ডার ও ৭. সহকারী নাজির | ৫৪৪ জন | বিভিন্ন পদে ৯জন কর্মকর্তা এবং ৫৩৫ জন কর্মচারিকে পদোন্নতি প্রদান করা হয়েছে। |

# আলোকচিত্রে বিআরটিসি




শেখ রাসেল দিবস উপলক্ষ্যে পথশিশুদের নিয়ে
ছাদ খোলা বাসে পদ্মা সেতু ভ্রমণের পূর্বে কর্মকর্তাবৃন্দ ও পথশিশুরা




সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সচিব মহোদয়ের নেতৃত্বে
জাতীয় নিরাপদ সড়ক দিবস পালন



সড়ক ও মহাসড়ক বিভাগের সম্মানিত সচিব জনাব এ বি এম আমিন উল্লাহ নুরী
মহোদয়কে ফুলেল শুচ্ছোয় বিআরটিসি'র চেয়ারম্যান ও কর্মকর্তাবৃন্দ




মেট্রোরেলে স্বয়ংক্রিয় টিকেট কাউন্টারে
বিআরটিসি'র চেয়ারম্যান ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ




ডিএমটিসিএল -এর সাথে বিআরটিসি'র MoU সমঝোতা স্মারক স্বাক্ষর




'বদলে যাচ্ছে বিআরটিসি' শীর্ষক মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে
উপস্থিত জনাব এ বি এম আমিন উল্লাহ নুরী -সচিব, সড়ক পরিবহন ও
মহাসড়ক বিভাগ

# আলোকচিত্রে বিআরটিসি



রংপুর প্রশিক্ষণ কেন্দ্রের অক্টোবর/২০২২ আইজিএ প্রকল্পের মহিলা প্রশিক্ষণার্থী ৪র্থ ব্যাচের কোর্স সমাপনী অনুষ্ঠান



জোয়ারসাহারা বাস ডিপোর নবনির্মিত প্রশাসনিক ভবনের উদ্বোধন করেন বিআরটিসি'র চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম



বিআরটিসি'র কর্মকর্তা/কর্মচারীদের কর্মদক্ষতা বাড়ানোর লক্ষ্যে ১৮ গ্রেড তদুর্ধ কর্মরত নারীদের দক্ষতা বিষয়ক প্রশিক্ষণ সভায় ক্রেস্ট ও সমাচার প্রদান করছেন বিআরটিসি'র চেয়ারম্যান



মহান বিজয় দিবসে উদযাপনে সোনাপুর বাস ডিপো ও প্রশিক্ষণ কেন্দ্রের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ



বিআরটিসি'র অভ্যর্থনা কক্ষ ঘুরে দেখছেন জনাব এ বি এম আমিন উল্লাহ নুরী -সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ



চট্টগ্রাম ট্রাক ডিপোর নির্মাণাধীন মেইন গেটের স্থির চিত্র

# আলোকচিত্রে বিআরটিসি




ময়মনসিংহ বাস ডিপো কর্তৃক নিরাপদ সড়ক দিবস পালন




মেট্রোরেলের যাত্রীদের বিভিন্ন গন্তব্যে পৌঁছে দিচ্ছে বিআরটিসি



গাবতলী বাস ডিপো কর্তৃক কর্মকর্তা-কর্মচারীদের অগ্নি নির্বাপন প্রশিক্ষণ




বিআরটিসি নরসিংদী বাস ডিপো ও প্রশিক্ষণ কেন্দ্রের উদ্যোগে
ফ্রি মেডিকেল ক্যাম্পেইন



নারায়ণগঞ্জ বাস ডিপো ও প্রশিক্ষণ কেন্দ্রের কর্মকর্তা-কর্মচারীদের বিভিন্ন বিষয়ে
দিক নির্দেশনা প্রদান করা হচ্ছে



বিআরটিসি সিলেট বাস ডিপো ও প্রশিক্ষণ কেন্দ্রের
মেরামত শেড নির্মাণ কাজ চলমান

# আলোকচিত্রে বিআরটিসি




মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত ১০টি স্কুল বাস চলাচলের আর্থিক সহায়তার নিমিত্তে বিআরটিসি ও জিপিএইচ ইস্পাত লিঃ এর সাথে স্মারক স্বাক্ষর



বিআরটিসি প্রধান কার্যালয় কর্তৃক শেখ রাসেল দিবসে পুষ্পস্তবক অর্পণ




বিআরটিসি কুমিল্লা বাস ডিপোর আয়োজনে জাতীয় শুদ্ধাচার বিষয়ক মতবিনিময় সভা ও পুরস্কার বিতরন অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিআরটিসির চেয়ারম্যান, জনাব মোঃ তাজুল ইসলাম (অতিরিক্ত সচিব)



খুলনা বাস ডিপো পরিদর্শনকালে চেয়ারম্যান, বিআরটিসি'কে ফুলেল শুভেচ্ছা




দুর্ঘটনা রোধকল্পে ও সড়কে শৃঙ্খলা জোরদার করার নিমিত্তে বরিশাল বাস ডিপো'র চালকদের সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান



সকল ডিপো/ইউনিটে নিরাপত্তা কার্যক্রম জোরদার করা হয়েছে

# প্রিন্ট মিডিয়ায় বিআরটিসি

**ভোরের কাগজ** | সংস্করন: নগর, পাতা- ৩
রবিবার, ২০ নভেম্বর ২০২২, ৫ অগ্রহায়ণ ১৪২৯

## লোকসানের বৃত্তের বাইরে বিআরটিসি

### শিগগিরই পর্যটক বাস চালু

কাগজ প্রতিবেদক : বিআরটিসি লোকসানের বৃত্ত থেকে বের হয়ে এসেছে। সরকারের এই সংস্থাটি শিগগিরই দূরপাল্লার রুটে পর্যটক বাস চালু করবে। গতকাল শনিবার রাজধানীর মতিঝিলে বিআরটিসি প্রধান কার্যালয়ে ‘বদলে যাচ্ছে বিআরটিসি’ শীর্ষক এক মতবিনিময় সভায় সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সচিব এ বি এম আমিন উল্লাহ নুরী এ কথা বলেন। সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন বুয়েটের দুর্ঘটনা গবেষণা ইনস্টিটিউটের সহকারী অধ্যাপক সাইফুন নেওয়াজ। বিআরটিসির উন্নয়নের তথ্যচিত্র তুলে ধরেন জেনারেল ম্যানেজার (হিসাব) মো. আমজাদ হোসেন। রাখেন বিআরটিসির চেয়ারম্যান তাজুল ইসলাম, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশনের সাধারণ সম্পাদক ওসমান আলী, ড্রাইভার্স টেকনিক্যাল কোম্পানি লিমিটেডের চেয়ারম্যান নূর নবী শিমু, ঢাকা জেলা নারী চালক শ্রমিক ইউনিয়নের সভাপতি খাদিজা রহমান প্রমুখ। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সচিব এ বি এম আমিন উল্লাহ নুরী বলেন, সরকারের একমাত্র পরিবহন সংস্থা বিআরটিসি লোকসানের বৃত্ত থেকে বের হয়ে এসেছে। বিআরটিসি শিগগিরই দূরপাল্লার রুটে পর্যটক বাস চালুর পরিকল্পনা নিয়েছে। এছাড়া বিআরটিসি বাসে অনিয়ম দূর করার জন্য যাত্রীদের কাছ থেকে অভিযোগ নেয়ার ব্যবস্থা থাকবে। এজন্য সব বিআরটিসি বাসে বিশেষ অভিযোগ বাক্স রাখা হবে।

তিনি বলেন, বিআরটিসির সামনে আরো বেশ কিছু চ্যালেঞ্জ রয়েছে। এর মধ্যে শূন্য পদে নিয়োগ দেয়া, দুর্নীতি শূন্যের কোঠায় নামিয়ে আনা এবং যাত্রী সেবার মান বাড়ানো অন্যতম চ্যালেঞ্জ। এসব ক্ষেত্রেও বিআরটিসিকে উন্নতি করতে হবে।

তাজুল ইসলাম বলেন, সড়ক দুর্ঘটনা প্রতিরোধে বাসচালকদের জন্য ডিউটির সময়সীমা দৈনিক ৮ ঘণ্টার মধ্যে সীমাবদ্ধ রাখার চেষ্টা করা হচ্ছে। এ লক্ষ্যে সম্প্রতি ১০০ জন চালক নিয়োগ দেয়া হয়েছে। তবে ট্রাক চালকদের ক্ষেত্রে এখনো দৈনিক ৮ ঘণ্টার সময়সীমা বাস্তবায়ন সম্ভব হচ্ছে না। নতুন চালক নিয়োগ দিয়ে এই বিষয়েও ব্যবস্থা নেয়া হবে। বিআরটিসিকে একটি আধুনিক সুযোগ সুবিধা সংবলিত মানসম্মত প্রতিষ্ঠানে পরিণত করতে সবাইকে একযোগে কাজ করতে হবে।

**খোলা কাগজ**

## পর্যটক বাস চালু করবে বিআরটিসি

খোলা কাগজ প্রতিবেদক

রাষ্ট্রায়ত্ত পরিবহন সংস্থা বিআরটিসি লোকসানের বৃত্ত থেকে বের হয়েছে। তবে যাত্রীদের কাছ থেকে অভিযোগ গ্রহণের জন্য বাসে বিশেষ বাক্স রাখতে হবে। এছাড়া দূরপাল্লার রুটে চালু করা হবে পর্যটক পরিবহনের বাস। গতকাল শনিবার মতিঝিলে বিআরটিসি প্রধান কার্যালয়ে ‘বদলে যাচ্ছে বিআরটিসি’ শীর্ষক মতবিনিময় সভায় সড়ক বিভাগের সচিব এ বি এম আমিন উল্লাহ নুরী এসব কথা বলেন।

আমিন উল্লাহ নুরী বলেন, বিআরটিসির সামনে আরও বেশ কিছু চ্যালেঞ্জ রয়েছে। এর মধ্যে রয়েছে শূন্য পদে নিয়োগ করা, দুর্নীতি শূন্যের কোঠায় নামিয়ে আনা এবং যাত্রী সেবার মান বাড়ানো। এসব ক্ষেত্রেও উন্নতি করতে হবে। সভায় বিআরটিসির পৃষ্ঠা ১১ কলাম ৬

### পর্যটক বাস

শেষ পৃষ্ঠার পর

চেয়ারম্যান তাজুল ইসলাম বলেন, সড়ক দুর্ঘটনা রোধে বাসচালকদের বাস চালানোর সময় দৈনিক ৮ ঘণ্টার মধ্যে সীমাবদ্ধ রাখার চেষ্টা করছে বিআরটিসি। এ জন্য সম্প্রতি ১০০ চালক নিয়োগ দেওয়া হয়েছে। তবে ট্রাক চালকদের ক্ষেত্রে এখনো দৈনিক ৮ ঘণ্টার সময়সীমা মানা সম্ভব হচ্ছে না। নতুন চালক নিয়োগ দিয়ে এটি মানার পরিকল্পনা নেওয়া হবে। বিআরটিসিকে একটি আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত মানসম্মত প্রতিষ্ঠানে পরিণত করতে সবাইকে একযোগে কাজ করতে হবে।

সভায় মূলপ্রবন্ধ উপস্থাপন করেন বুয়েটের দুর্ঘটনা গবেষণা ইনস্টিটিউটের সহকারী অধ্যাপক সাইফুন নেওয়াজ। বিআরটিসিস্থির উন্নয়নের তথ্যচিত্র তুলে ধরেন জেনারেল ম্যানেজার (হিসাব) মো. আমজাদ হোসেন। সভায় আরও বক্তব্য রাখেন বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশনের সাধারণ সম্পাদক ওসমান আলী, ড্রাইভার্স টেকনিক্যাল কোম্পানি লিমিটেডের চেয়ারম্যান নূর নবী শিমু, ঢাকা জেলা নারী চালক শ্রমিক ইউনিয়নের সভাপতি খাদিজা রহমান প্রমুখ।

**দৈনিক বাংলা**

রবিবার, ২০ নভেম্বর, ২০২২

সড়ক পরিবহনসচিব

## দূরপাল্লার জন্য বাস কিনবে বিআরটিসি

প্রতিবেদক, দৈনিক বাংলা

বাংলাদেশে সড়ক পরিবহন করপোরেশনের বহরে নতুন গাড়ি বাড়াতে চান জানিয়ে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সচিব এ বি এম আমিন উল্লাহ নুরী বলেছেন, ‘আগের পুরাতন গাড়ি দিয়েই লাভে ফিরেছে বিআরটিসি। এখন নতুন গাড়ির সংখ্যা বাড়াতে হবে বহরে। তাই আমরা দূরপাল্লার কিছু রুটের জন্য ভালো মানের বাস কিনব। সেসব বাস ইজারা দেয়া হবে না। বিআরটিসি নিজেই চালাবে। কারণ তাদের এখন দক্ষ চালক তৈরি হচ্ছে।’

গতকাল শনিবার মতিঝিলে বিআরটিসির প্রধান কার্যালয়ে ‘বদলে যাচ্ছে বিআরটিসি’ শীর্ষক মতবিনিময় সভায় এসব কথা বলেন সচিব।

গাড়ি বাড়ানোর বিষয়ে সচিব বলেন, ‘মানুষ কিন্তু এখন ভালো গাড়িতে চড়তে চান এবং ভালো সেবা পেতে চান। বিআরটিসিকে বিভিন্ন রুটে কিছু ভালো বাস দিতে হবে। বিশেষ করে পর্যটন এলাকা, কক্সবাজার, খাগড়াছড়ি, রাঙামাটি, বান্দরবান এবং কুয়াকাটাসহ বিভিন্ন রুটে ১০টি ভালো বাস দেয়া যেতে পারে। এসব রুটে ভালো মানের গাড়ি দিলে মানুষ লাইন দিবে গাড়িতে ওঠার জন্য।’

তবে সভায় বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশনের সাধারণ সম্পাদক ওসমান আলী বলেন, এর আগে কিছু ভলভো বাস কেনা হয়েছিল। সেগুলো অল্প সময় সাত-আট বছরের মাথায় নাই হয়ে গেছে।

এ বিষয়ে সচিব এ বি এম আমিন উল্লাহ নুরী বলেন, সে সময় ভলভো বাসগুলো ইজারা দেয়া হয়েছিল। যারা ইজারা নিয়েছিল সেগুলোর যত্ন করেনি। তাই নষ্ট হয়ে যাওয়ার পর তারা সেগুলো ফেলে দিয়ে চলে গেছে। যেহেতু বাসগুলো অচল হয়ে গিয়েছিল, তাই বিআরটিসি সেগুলো নিলামে বিক্রি করছে।

সভায় বিআরটিসি চেয়ারম্যান (অতিরিক্ত সচিব) মো. তাজুল ইসলাম বলেন, ‘বিআরটিসি অনেক দূরে চলে গেছে বিষয়টি এমন নয়। আমি একটা পর্যায়ে নিয়ে আসতে পেরেছি। লোকসান থেকে লাভে ফিরেছে বিআরটিএ। যেহেতু বিআরটিসি একটি করপোরেশন তাই গাড়ির চাকা ঘুরলেই প্রতিষ্ঠান চলবে। ফলে গাড়ির সংখ্যা বাড়িয়ে সেবা আরও বাড়ানো হবে।’

এদিকে বুয়েটের অ্যাকসিডেন্ট রিসার্চ ইনষ্টিটিউটের (এআরআই) অধ্যাপক কাজী সাইফুন নেওয়াজ তার মূল প্রবন্ধ উপস্থাপনায় কিছু চ্যালেঞ্জের বিষয়ে তুলে ধরে বলেন, শূন্যপদে জনবল নিয়োগ, নতুন মডেলের গাড়ি বিআরটিসি বহরে সংযুক্ত করা, দুর্নীতি শূন্যের কোঠায় নামিয়ে আনা জরুরি। এ ছাড়া মালিক সমিতি ও বেসরকারি মালিকপক্ষের সঙ্গে সম্পর্ক স্থাপনের মাধ্যমে শতভাগ রুট পরিচালনা করা এবং যাত্রীসেবার মান উন্নয়ন করা জরুরি।

**স্বদেশ প্রতিদিন**

মঙ্গলবার • ২২ নভেম্বর ২০২২

## ‘বদলে যাচ্ছে বিআরটিসি’ শীর্ষক মতবিনিময় সভা

অর্থনৈতিক প্রতিবেদক

বিআরটিসি প্রধান কার্যালয়ে শনিবার ‘বদলে যাচ্ছে বিআরটিসি’ শীর্ষক মত বিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সচিব এ বি এম আমিন উল্লাহ নুরী। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বিআরটিসি'র চেয়ারম্যান মো. তাজুল ইসলাম (অতিরিক্ত সচিব)। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)সহ মন্ত্রণালয় ও বিআরটিসি'র উদ্ধতন কর্মকর্তাবৃন্দ।

তবিনিময় সভার শুরুতে চেয়ারম্যান, বিআরটিসি তার স্বাগত বক্তব্যে বলেন যে, ‘বিআরটিসি'কে একটি আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত একটি মানসম্মত প্রতিষ্ঠানে পরিনত করতে সবাইকে একযোগে কাজ করতে হবে। অনুষ্ঠানে বিআরটিসি'র উন্নয়নের তথ্যচিত্র তুলে ধরেন জেনারেল ম্যানেজার (হিসাব), মো. আমজাদ হোসেন (উপসচিব)। তার উপস্থাপনায় বিআরটিসি'কে লোকসানী প্রতিষ্ঠান হতে লাভজন প্রতিষ্ঠান হওয়ার বিভিন্ন তথ্য বর্ণনা করা হয়।

# বিভিন্ন ইলেক্ট্রনিক মিডিয়ায় বিআরটিসি চেয়ারম্যান-এর সাক্ষাৎকার






মেট্রোরেলের যাত্রীদের গন্তব্যে পৌঁছে দেওয়ার বিষয় নিয়ে সাক্ষাৎকার প্রদান





বিআরটিসি-এর বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ড নিয়ে বিশেষ সাক্ষাৎকার প্রদান

## "অসহায় পরিবারের পাশে চেয়ারম্যান, বিআরটিসি"

বিআরটিসি ঢাকা ট্রাক ডিপোর প্রাক্তন চালক জনাব মোঃ নুরুল ইসলাম গত ২৪/০২/২০১৬ খ্রি. স্বেচ্ছায় অবসর গ্রহণ করেন। বর্তমানে তিনি ব্রেন স্ট্রোক করে শয্যাশায়ী অবস্থায় আছেন। বিষয়টি চেয়ারম্যান, বিআরটিসি জানতে পেরে তাদের আর্থিক দৈন্য দশার কথা শুনে মর্মাহত হন এবং তাৎক্ষণিক আর্থিক সহায়তার জন্য কর্মীর সিপি ফান্ডের চূড়ান্ত পাওনা বাবদ ২,৭২,৪৮০/- টাকা তার নিজ বাড়িতে দিয়ে আসার নির্দেশনা প্রদান করেন। সে প্রেক্ষিতে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সিরাজগঞ্জ প্রশিক্ষণ কেন্দ্রের ইউনিট প্রধান জনাব মোঃ আরিফুর রহমান তুষার স্বশরীরে উপস্থিত হয়ে তার পরিবারের কাছে চেক হস্তান্তর করেন।

